

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.২৬.০০১.১৯.১৪২

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬

৩০ মে ২০১৯

বিষয়: সরকারি বাঙলা কলেজের ০১টি ল্যান্ডফোর্ট জীপ ক্রয়ের অনুমতি।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০২৯.১৬/৪৬১৮ তারিখ-২৭.০৫.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি বাঙলা কলেজের পরিবহন তহবিল হতে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃক প্রদত্ত দরপত্র অনুযায়ী ৫৩,৩৭,৪০০ (তিপান্ন লক্ষ সাঁইত্রিশ হাজার চারশত) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তে ০১টি ল্যান্ডফোর্ট জীপ ক্রয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

ক) গাড়ি ক্রয়ে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;

খ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণক্রমে অর্থমন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী গাড়ি ক্রয় করতে হবে;

গ) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;

ঘ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;

ঙ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে গাড়ি ক্রয় করতে হবে।

৩০-৫-২০১৯

মুর্শিদা শারমিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.২৬.০০১.১৯.১৪২/১(৬)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬

৩০ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-৫-২০১৯

মুর্শিদা শারমিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)